অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/21/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ম্যানহাটনের ওয়েস্ট সাইডে হাই লাইন ময়নিহান কানেক্টর খুলে দেওয়ার ঘোষণা করলেন

600 ফুট দীর্ঘ উঁচু পথটি নতুন উডল্যান্ড এবং টিম্বার ব্রিজকে যুক্ত করে, নতুন পাবলিক স্পেস এবং ময়নিহান ট্রেন হলের আশেপাশের গণপরিবহনকে একত্রে গেঁথে দেয়

হাই লাইনের সর্বশেষ এই সংযোজন আগামীকাল, 22 জুন জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে

এখানে ছবি উপলভ্য; সেতু নির্মাণের টাইম-ল্যাপস ভিডিও এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক এবং নিউ জার্সির বন্দর কর্তৃপক্ষ (Port Authority of New York and New Jersey), ব্রুকফিল্ড প্রোপার্টিজ (Brookfield Properties) এবং ফ্রেন্ডস অফ দ্য হাই লাইনের (Friends of the High Line) সাথে মিলে নতুন হাই লাইন - ময়নিহান কানেক্টর (High Line - Moynihan Connector) খুলে দেওয়ার ঘোষণা করলেন, এটি ম্যানহাটনের কেন্দ্রে পথচারীদের জন্য দুর্দান্ত নতুন একটি উঁচু পথ। কানেক্টরটি ময়নিহান ট্রেন হলের আশেপাশের নতুন পাবলিক স্পেস এবং গণপরিবহনকে হাই লাইনের সাথে একত্রে গেঁথে দেয়, যার ফলে পথচারীরা ওয়েস্ট মিডটাউন থেকে ওয়েস্ট ভিলেজ পর্যন্ত একটি অবিরত, অ্যাক্সেসিবল এবং নিরাপদ পথ পায়। আগামীকাল, 22 জুন, এটিকে আনুষ্ঠানিকভাবে জনসাধারণের জন্য খুলে দেওয়া হবে।

"হাই লাইনটি হলো কার্যকর সরকারি-বেসরকারি অংশীদারিত্বের দুর্দান্ত একটি উদাহরণ, এবং সর্বশেষ এই সংযোজনটি নিউ ইয়র্কবাসী এবং বেড়াতে আসা মানুষ সকলের জন্য এর আকর্ষণ বৃদ্ধি করবে," **গভর্নর হোকল বলেন।** "স্টেটের সংস্থান এবং ফ্রেন্ডস অফ দ্য হাই লাইন এবং ব্রুকফিল্ডের সম্মিলিত প্রয়াসের কারণে, হাই লাইন - ময়নিহান কানেক্টরটি নিউ ইয়র্ক সিটির ব্যস্ততম এলাকাগুলির একটিকে রূপান্তর করতে 600 ফুট নতুন খোলা স্থানের সংযোজন করবে। এই প্রকল্পটি হলো বুদ্ধিমান, টেকসই নকশার ক্ষমতার প্রমাণস্বরূপ, এটি শহরের সবথেকে প্রিয় একটি অংশকে উন্নত করে, এবং আমি সুন্দর নতুন এই স্থানের সুযোগ গ্রহণের জন্য নিউ ইয়র্কবাসী ও বেড়াতে আসা মানুষকে অনুপ্রাণিত করছি।"

ফ্রেন্ডস অফ দ্য হাই লাইনের নির্বাহী পরিচালক অ্যালান ভ্যান ক্যাপেল বলেন, "এটি একটি প্রকল্প যা এলাকা এবং পাবলিক স্পেসকে একত্রে বেঁধে রাখে। আমরা বহু বছর ধরে শুনে আসছি যে সম্প্রদায়ের মানুষের জন্য লিঙ্কন টানেলের প্রবেশপথের চারপাশের এইসব সড়কগুলি ব্যবহার কতটা কষ্টসাধ্য। এখন, কানেক্টরটি আমাদের প্রতিবেশীদেরকে হাই লাইন এবং মিডটাউনের মধ্যে একটি নিরাপদ, সবুজ, এবং প্রেরণাদায়ক পথ প্রদান করবে। এই স্বপ্ন বাস্তব করতে আমাদের সাহায্য করার জন্য স্টেট, ব্রুকফিল্ড প্রোপার্টিজ এবং NYC পার্ক ও বিনোদন বিভাগের (NYC Department of Parks and Recreation) আমাদের অংশীদারদের প্রতি আমরা অতি কৃতজ্ঞ।"

ব্রুকফিল্ড রিয়েল এস্টেটের ব্যবস্থাপনা অংশীদার বেন ব্রাউন বলেন, "হাই লাইন - ময়নিহান কানেক্টর হলো নিউ ইয়র্ক সিটির জন্য একটি মুখ্য পরিবহন অগ্রগতি এবং ম্যানহাটনের সবথেকে নতুন এলাকার বিবর্তনে একটি কেন্দ্রীয় মাইলফলক। এটি শুধু সম্প্রদায়সমূহের মধ্যে সেতুবন্ধন করে না, বরং এছাড়াও এটি হাই লাইন এবং ম্যানহাটন ওয়েস্ট প্লাজায় (Manhattan West Plaza) নিউ ইয়র্কের সবথেকে আকর্ষণীয় কিছু পাবলিক খোলা স্থানকে সংযুক্ত ও সম্প্রসারিত করে। এটিকে সম্ভব করার জন্য গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) এর ব্যাপক সম্মান প্রাপ্য, এবং ফ্রেন্ডস অফ দ্য হাই লাইন এবং আমাদের নকশা ও নির্মাণ অংশীদারদের অতি গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য আমরা তাদের ধন্যবাদ জানাচ্ছি।"

600 ফুট লম্বা, L আকৃতির হাই লাইন - ময়নিহান কানেক্টরটির নকশা করা শুরু হয় 2021 সালের ফেব্রুয়ারিতে এবং 2022 সালের ফেব্রুয়ারিতে প্রকল্পটির নির্মাণকাজ শুরু হয়, এই নির্মাণকাজ মাত্র 18 মাসে শেষ হয়। কানেক্টরটির দুইটি স্বতন্ত্র অংশ রয়েছে: একটি ব্যাপকভাবে রোপণ করা, 340 ফুট উডল্যান্ড ব্রিজ যা ওয়েস্ট 30তম স্ট্রিটের উপরে হাই লাইনের স্পার টার্মিনাস থেকে শুরু হয় এবং একটি 260 ফুটের এক ব্লক দীর্ঘ টিম্বার ব্রিজ, যা টেকসই উৎস থেকে পাওয়া আলাস্কান ইয়েলো সিডার দ্বারা গঠিত হয়েছে এবং ডায়ার অ্যাভিনিউয়ের উপর দিয়ে উত্তরে নিকটবর্তী ম্যানহাটন ওয়েস্টের ম্যাগনোলিয়া কোর্ট পথচারী প্লাজার দিকে যায়। প্রকল্পটিতে এছাড়াও সড়ক পর্যায়ে উল্লেখযোগ্য নিরাপত্তা উন্নয়ন রয়েছে, যেমন নতুন পথচারী সংকেত, বাতির ব্যবস্থা, ক্রসওয়াক, রিফিউজি আইল্যান্ড এবং বড় প্ল্যান্টার।

2021 সালে স্থাপিত ফ্রেন্ডস অফ দ্য হাই লাইন, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, এবং ব্রুকফিল্ড প্রোপার্টিজের মধ্যকার একটি 50 মিলিয়ন মার্কিন ডলার সরকারি অংশীদারিত্বের ফলাফল, এটি নিউ ইয়র্ক ও নিউ জার্সির মালিকানাধীন একটি সম্পত্তির উপর অবস্থিত। ত্রিমুখী অংশীদারিত্বের অংশ হিসেবে, প্রকল্পটিতে ESD 20 মিলিয়ন মার্কিন ডলার, ব্রুকফিল্ড 20 মিলিয়ন মার্কিন ডলার, এবং ফ্রেন্ডস অফ দ্য হাই লাইন 10 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। প্রকল্পটির উদ্ভাবনী নকশাটি হলো স্কিডমোর, ওয়িংস এবং মেরিল (Skidmore, Owings & Merrill, SOM) এবং জেমস কর্নার ফিল্ড অপারেশন্সের (James Corner Field Operations) মধ্যকার একটি সহযোগিতামূলক কাজ। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কানেক্টরটির মালিক এবং ফ্রেন্ডস অফ দ্য হাই লাইন এটির পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করবে, কাঠামোগত রক্ষণাবেক্ষণের নজরদারি করবে AECOM।

1.5 মাইল হাই লাইনটি হলো একটি সরকারি পার্ক যা একটি লাইসেন্স চুক্তির অধীনে এবং NYC পার্ক ও বিনোদন বিভাগের সাথে অংশীদারিত্বে পরিচালিত হয়, যার ফলে পার্কটি সম্ভব হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "সরকারি, বেসরকারি, এবং অলাভজনক খাতসমূহ উৎপাদনশীল অংশীদারিত্ব গঠন করতে চাইলে যে ইতিবাচক অগ্রগতি অর্জন করা সম্ভব তা হাই লাইন-ময়নিহান কানেক্টরটি প্রদর্শন করে। জনগণের জগতকে উন্নত করে এমন প্রকল্প হলো নিউ ইয়র্কের ভবিষ্যতে বিনিয়োগ, এবং গভর্নর হোকলের সমর্থনের কল্যাণে হাই লাইন-ময়নিহান কানেক্টরটি শুধু যাত্রী, বাসিন্দা এবং দর্শনার্থীদের জন্য লাভজনক হবে না, বরং এছাড়াও এটি ম্যানহাটনের ওয়েস্ট সাইডে আরো অর্থনৈতিক বিকাশের সূচনা করবে।"

বন্দর কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক রিক কটন বলেন, "আশেপাশের সম্প্রদায়কে গণপরিবহনের সাথে যুক্ত করে দেওয়ার পাশাপাশি সুন্দর নতুন খোলা স্থান তৈরি করার মাধ্যমে হাই লাইন-ময়নিহান কানেক্টর একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে কী অর্জন করা যায় তার একটি উজ্জ্বল উদাহরণ হয়ে আছে। দারুণ এই প্রকল্পকে বাস্তবে পরিণত করতে স্টেট, ফ্রেন্ডস অফ দ্য হাই লাইন, এবং ব্রুকফিল্ড প্রোপার্টিজের সাথে অংশীদারিত্ব করতে পেরে বন্দর কর্তৃপক্ষ গর্বিত।"

সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা চার্লস শুমার বলেন, "দুই দশকের বেশি সময় ধরে পরিবহন, পাবলিক স্পেস, এবং নিউ ইয়র্কবাসীর জন্য অন্যান্য সুযোগসুবিধার মাধ্যমে ম্যানহাটনের ওয়েস্ট সাইডের অর্থনৈতিক পুনর্বাসনের জন্য আমি চাপ প্রয়োগ করেছি। ওয়েস্ট সাইড রেনেসাঁর দুইটি অত্যাবশ্যকীয় উপাদান, হাই লাইন এবং ময়নিহান ট্রেন হল যে এখন প্রতিদিন ট্রেন বা হাঁটাপথে কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর চলাচলের ব্যবস্থা করা নিউ ইয়র্কের বিশ্বমানের পরিবহন নেটওয়ার্কের অংশ হিসেবে আন্তঃসংযুক্ত তা নিয়ে আমি অত্যন্ত আনন্দিত। এটি হলো সর্বশ্রেষ্ঠ প্রকারের বুদ্ধিমান ও অগ্রগামী চিন্তার শহুরে পরিকল্পনা, এবং দারুণ এই মাইলফলকটি সম্ভব করার জন্য আমাদের সকল সরকারি ও বেসরকারি অংশীদারের আমি প্রশংসা করছি।"

সিনেটর কির্স্টেন জিলিব্র্যান্ড বলেন, "ম্যানহাটনের কেন্দ্রে চলাচল করার সময় পথচারীদের গণপরিবহন পর্যন্ত সহজ, নিরাপদ যাতায়াতের সুযোগ থাকা অত্যাবশ্যকীয়। এই কানেক্টরটি খুলে দেওয়ার ফলে অগণিত পথচারীকে নিরাপদে ম্যানহাটনে চলাচল করতে সাহায্য করা হবে এবং পাবলিক স্পেস ও গণপরিবহনের মধ্যে সহজ অ্যাক্সেস প্রদান করা হবে। পথচারীদের অ্যাক্সেস সম্প্রসারিত করতে এবং নিউ ইয়র্কবাসী এবং দর্শনার্থী সকলের জন্য পথচারী নিরাপত্তা উন্নত করার জন্য গভর্নর হোকলের প্রয়াস সমর্থন করতে পেরে আমি গর্বিত।"

প্রতিনিধি জেরোল্ড ন্যাডলার বলেন, "আজকে হাই লাইন-ময়নিহান কানেক্টর খুলে দেওয়া হলো ওয়েস্ট সাইডের জন্য একটি রূপান্তরকারী সংযোজন, এটি পথচারীদেরকে নিচের ভিড়পূর্ণ সড়কের একটি নিরাপদ, সরাসরি বিকল্প প্রদান করবে," বলেন কংগ্রেসম্যান ন্যাডলার। "হাই লাইনের সূত্রপাত থেকেই আমি এর জন্য লড়াই করেছি, এবং নতুন এই সংযোগটি নিশ্চিত করবে যাতে পার্কটি নিউ ইয়র্কবাসী এবং পর্যটক সকলের জন্য একটি শীর্ষ আকর্ষণ হয়ে থাকে।"

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান বলেন, "ওয়েস্ট সাইডে আধুনিক শহুরে নকশার দুইটি প্রতীক, ময়নিহান ট্রেন হল এবং হাই লাইনকে সংযুক্ত করা অর্থনৈতিক বিকাশকে বলীয়ান করবে এবং শহরে পাবলিক স্পেস এবং গণপরিবহনের প্রচার করবে। এই প্রকল্পটি সম্পূর্ণ করতে পারার জন্য হাই লাইন, ব্রুকফিল্ড প্রোপার্টিজ, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টে আমার বন্ধুদেরকে এবং গভর্নর হোকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। এই প্রকল্পটি হলো সফল একটি সরকারি-বেসরকারি অংশীদারিত্বের ফলাফল এবং এটি নিউ ইয়র্ককে আরো সবুজ, আরো টেকসই, এবং আরো সুন্দর করবে।"

অ্যাসেম্বলিসদস্য টনি সিমোন বলেন, "ম্যানহাটনের বিকাশের ভবিষ্যৎ ওয়েস্ট সাইডে রয়েছে, এবং অবকাঠামো যাতে সর্বদা চাহিদার সাথে মানানসই হয় তা আমাদেরকে নিশ্চিত করতে হবে। হাই লাইন-ময়নিহান কানেক্টর একটি অনন্য নতুন পথচারী সংযোগ নিয়ে আসবে যা জনসাধারণের জগতকে শুধু উন্নত করবে না, বরং এর সাথে পুরো এলাকায় চলাচল করা পথচারীদের জন্য একটি নতুন সংযোগ তৈরি করবে।"

ম্যানহাটন বরোর প্রেসিডেন্ট মার্ক লেভিন বলেন, "ইতিহাসের সর্বাপেক্ষা উদ্ভাবনী পার্কগুলির একটি এবং দেশের ব্যস্ততম ট্রানজিট হাবের মধ্যে সেতুবন্ধন করা হলো নিউ ইয়র্কের সেরা অংশকে সংযুক্ত করে দিতে আমাদের শহরের প্রতিশ্রুতির একটি চিহ্ন। খোলা স্থানে এই বিনিয়োগটি হলো দীর্ঘদিন ধরে ম্যানহাটনের সবথেকে কম পথচারী বান্ধব বিস্তৃতির জন্য রূপান্তরমূলক। কানেক্টরটি ওয়েস্ট সাইডের গভীরে যাতায়াতের একটি নতুন যুগের অগ্রদূত।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন